

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৭১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, ইমাম যুহরী এই হাদীসটি সা'ঈদ বিন মুসাইয়্যিব রহিমাহুল্লাহ থেকে শ্রবণ করেছেন; আবুল আস থেকে শ্রবণ করেননি- তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن الزُّهْرِيَّ سَمِعَ هَذَا الْخَبَرَ مِنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ لَا مِنْ أَبِي الْأَحْوَصِ

আরবী

2271 _ أَخْبَرَنَا ابْنُ قُتُيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبِ قَالَ: حَدَّثَهُ فِي مَجْلِسِ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ عَنِ ابْنِ شِهَابٍ أَنَّ أَبَا الْأَحْوَصِ - مَوْلَى بَنِي لَيْثٍ - حَدَّثَهُ فِي مَجْلِسِ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ وَابْنُ الْمُسَيَّبِ جَالِسٌ - أَنَّهُ سَمِعَ أَبَا ذَرِّ يَقُولُ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: وَابْنُ الْمُسَيَّبِ جَالِسٌ - أَنَّهُ سَمِعَ أَبَا ذَرِّ يَقُولُ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا قَامَ أَحَدُكُمْ فِي الصَّلَاةِ فَإِنَّ الرَّحْمَةَ تُوَاجِهُهُ فَلَا يُحَرِّكِ الْحَصَى - أَقْ لا يمس الحصى -)

الراوي : أَبُو ذَرِّ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الراوي : أَبُو دَرِّ المحدث : العلامة على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1221 اخلاصة حكم المحدث: ضعيف _ ((ضعيف أبي داود)) الصفحة أو الرقم: 1227 اخلاصة حكم المحدث: ضعيف _ ((ضعيف أبي داود))

বাংলা

২২৭১. আবৃ যার আল গিফারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যখন তোমাদের কেউ সালাতে দাঁড়ায়, তখন সে সামনে রহমতের মুখোমুখি হয়। কাজেই সে যেন কঙ্কর নড়াচড়া না করে অথবা (রাবীর সন্দেহ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন) সে যেন কঙ্কর স্পর্শ না করে।"[1]

ফটনোট



[1] মুসনাদ আহমাদ: ৫/১৫০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৪১০-৪১১; হুমাইদী: ১২৮; তিরমিযী: ৩৭৯; আবূ দাউদ: ৯৪৫; নাসাঈ: ৩/৬; ইবনু মাজাহ: ১০২৭; ইবনুল জারূদ, আল মুনতাকা: ২১৯; বাগাবী: ৬৬২; সুনান বাইহাকী: ২/২৮৪; সহীহ ইবনু খুয়াইমাহ: ৯১৩; আত তায়ালিসী: ৪৭৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে য'ঈফ বলেছেন। (য'ঈফ আবূ দাউদ: ১৭০)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন